# মতিঝিলে তালিকাভুক্ত সন্ত্রাসী বাপ্পিসহ পাঁচজন গ্রেফতার



ছবি: সংগৃহীত

রাজধানীর মতিঝিল এলাকার পুলিশের তালিকাভুক্ত সন্ত্রাসী তানিম রেজা ওরফে বাপ্পিসহ তার চার সহযোগীকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। অভিযানে তাদের কাছ থেকে তিনটি বিদেশি আগ্নেয়াস্ত্র ও পাঁচ রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে।

গ্রেফতার হওয়া অন্যরা হলেন— মোহাম্মদ জুয়েল (৪৮), শাকিল (২৭), মানিক কাজী (৫০) এবং রাকিবুল ইসলাম ভূঁইয়া ওরফে রিজন (৩৫)। শনিবার (১৮ জুলাই) ডিএমপির মিডিয়া সেন্টারে আয়োজিত এক ব্রিফিংয়ে অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম) মোহাম্মদ ওসমান গণি এ তথ্য জানান।

পুলিশ জানায়, গত কয়েক মাসে মতিঝিল ও সবুজবাগ এলাকায় সংঘটিত বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে বাপ্পি ও তার সহযোগীদের সম্পৃক্ততার তথ্য পাওয়া যায়। সেই তথ্যের ভিত্তিতে শুক্রবার মতিঝিল এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। পরে প্রাথমিক জিজ্ঞাসাবাদে পাওয়া তথ্য অনুযায়ী বাপ্পির কথিত অফিসে তল্লাশি চালিয়ে একটি বিদেশি রিভলভার, দুটি বিদেশি পিস্তল এবং পাঁচ রাউন্ড গুলি উদ্ধার করা হয়।

ডিএমপির দাবি, বাপ্পির বিরুদ্ধে হত্যাচেষ্টা, মাদক, নারী নির্যাতনসহ বিভিন্ন অভিযোগে অন্তত সাতটি মামলা রয়েছে। এর আগেও একাধিকবার তিনি গ্রেফতার হলেও জামিনে মুক্ত হয়ে পুনরায় অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়েন বলে জানিয়েছে পুলিশ।

আসামিদের বিরুদ্ধে আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে বলে জানিয়েছে ডিএমপি। পাশাপাশি মতিঝিল ও আশপাশের এলাকায় সন্ত্রাসী কর্মকাণ্ড দমনে অভিযান অব্যাহত থাকবে বলেও ব্রিফিংয়ে উল্লেখ করা হয়।

LENS ASIA